

প্রকাশ : ১৩ মে, ২০১৭ ২২:২৭  
আপডেট : ১৩ মে, ২০১৭ ২৩:৫৩

অনলাইন  
ভার্সন

Share

প্রিন্ট করুন 

# ফেসবুক পেইজে নাগরিকদের মুখোমুখি হচ্ছেন মেয়র আনিসুল হক

| অনলাইন ডেস্ক



ফাইল ছবি

দায়িত্ব পালনের দুই বছর পূর্তি উপলক্ষে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক কর্পোরেশনের অফিসিয়াল ফেসবুক পেইজে সরাসরি ভিডিও সম্প্রচারের মাধ্যমে নাগরিকদের মুখোমুখি হবেন। রবিবার সন্ধ্যা সাড়ে ৭টায় এই

অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বলে আজ শনিবার ডিএনসিসি'র এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

আনিসুল হক গত বছরের ৬ মে ঢাকা উত্তরের মেয়র হিসেবে শপথ নেন এবং ১৪ মে আনুষ্ঠানিকভাবে দায়িত্বভার বুঝে নেন। নাগরিকদের প্ল্যাটফর্ম 'আমরা ঢাকা'য়ও মেয়রের লাইভ ব্রডকাস্ট দেখা যাবে।

দায়িত্ব পালনের ১ বছর পূর্তি উপলক্ষে গত ১২ মে দেশে প্রথমবারের মত কোনো জনপ্রতিনিধি হিসেবে জবাবদিহিমূলক ওয়েবকাস্টিং করেছিলেন মেয়র আনিসুল হক। তারই ধারাবাহিকতায় আরও বিশাল কলেবরে ও ভিন্ন মাত্রায় মেয়র নাগরিকদের সামনে হাজির হবেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে মেয়র আনিসুল হক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশের ইতিবাচক ও সফল প্রয়োগকে নগরবাসীর সামনে তুলে ধরতেই এই উদ্যোগ নিয়েছেন। রবিবার সন্ধ্যা সাড়ে ৭টা থেকে রাত ৮টা পর্যন্ত তিনি লাইভে থেকে দায়িত্ব গ্রহণের দুই বছরের অভিজ্ঞতা নগরবাসীর সঙ্গে ভাগাভাগি করবেন। পাশাপাশি নগর উন্নয়নে নাগরিকদের পরামর্শ, প্রত্যাশা, প্রশ্ন ও অভিযোগ শুনবেন ও জবাব দেবেন।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ফেইসবুক পেইজ <https://www.facebook.com/dncc.gov.bd/> আমরা ঢাকার ফেসবুক পেইজ [www.facebook.com/AmraDhaka/](http://www.facebook.com/AmraDhaka/)

ঢাকা উত্তরের নাগরিকদের বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা নিয়ে ওয়েবকাস্টিং বা ফেসবুক লাইভে মেয়রের সঙ্গে সরাসরি কথা বলার অনুরোধ জানানো হয়েছে।

বিডি প্রতিদিন/১৩ মে ২০১৭/এনায়েত করিম